



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/০৪(৯৫৮) 10/892

তারিখ : ২৪ সেপ্টেম্বর, ২০২০

### নিয়োগ বিজ্ঞপ্তি


শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজিতে সহকারী অধ্যাপকের ০১(এক)টি শূন্য পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।


বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/=

আবেদনপত্র জমাদান :

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর ৬০০/= (ছয়শত) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ০৮ সেট দরখাস্ত আগামী ১৫ অক্টোবর, ২০২০ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট ([www.sust.edu](http://www.sust.edu)) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগ জনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না/বিবেচনা করা হবে না।

আবেদনের সাথে প্রার্থীর প্রকাশনাসমূহের হার্ডকপি ও সফট কপি জমা দিতে হবে। যোগ্যতার কপি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ডেসপ্যাচ থেকে সংগ্রহ করা যাবে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটেও পাওয়া যাবে।

  
(মুহাম্মদ ইশফাকুল হোসেন)  
রেজিস্ট্রার

  
২৪/৯/২০

স্মারক নং-রেজিঃ/০৪(৯৫৮) ১৫/৪৭২

তারিখ : ২৪ সেপ্টেম্বর, ২০২০



শাহজালালবিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর  
সহকারী অধ্যাপক পদে নিয়োগ সম্পর্কিত যোগ্যতা/অভিজ্ঞতা

- ক) প্রার্থীদের এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় নূন্যতম GPA 4.00 (5.00 স্কেলে) থাকতে হবে তবে ২০০১, ২০০২, ২০০৩ সনে এসএসসি বা সমমান এবং ২০০৩ সনে এইচএসসি বা সমমান পরীক্ষায় নূন্যতম GPA 3.50 (5.00 স্কেলে) থাকতে হবে।
- খ) প্রার্থীদের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক (ইঞ্জিনিয়ারিং) ও মাস্টার্স উভয় পরীক্ষায় নূন্যতম CGPA 3.50 (4.00 স্কেলে) থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায় যে কোন একটি পরীক্ষার ফলাফলের C+ বা A এর শর্ত শিথিলযোগ্য তবে তা CGPA 3.25 এর নিচে কোন ক্রমেই গ্রহণযোগ্য হবে না। মাস্টার্স ডিগ্রিধারী যোগ্য প্রার্থী পাওয়া না গেলে ৪ বছর মেয়াদী স্নাতক (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রিধারী প্রার্থী নিয়োগ করা যেতে পারে।
- গ) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে। যে কোন একটি পরীক্ষার ফলাফলে শর্ত শিথিলযোগ্য, তবে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে।
- ঘ) প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি. ডিগ্রী থাকতে হবে, অথবা প্রার্থীদের প্রভাষক হিসেবে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ২ (দুই) বছর শিক্ষকতার অভিজ্ঞতা\* থাকতে হবে।
- ঙ) সরকার বা বিশ্ববিদ্যালয় স্বীকৃত জার্নালে নূন্যতম ০২ (দুই)টি মৌলিক গবেষণা প্রবন্ধ থাকতে হবে।

চিহ্নিত বিভিন্ন শব্দের ব্যাখ্যা :

\*বিভাগ/শ্রেণী বলতে বুঝাবে লেটার ও নিউমেরিকেল গ্রেড পদ্ধতি প্রদানের পূর্বে ১ম, ২য়, ৩য় বিভাগ/শ্রেণী হিসাবে ফলাফল দেয়া হত।

\*১ অভিজ্ঞতা বলতে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতা সময়কালকে পূর্ণ অভিজ্ঞতা (১০০%) হিসাবে গণ্য হবে, অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে ৭৫% হিসাবে গণ্য করা হবে। প্রভাষক (সম্মান) এবং মাস্টার্স পর্যায়ে শিক্ষা প্রদানকারী জাতীয় ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং সরকার ও বিশ্ববিদ্যালয় স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের অভিজ্ঞতার সময়কালকে ৫০% হিসাবে গণ্য করা হবে তবে তা সহকারী অধ্যাপক পদের অন্যান্য সর্বোচ্চ এক বৎসর গণ্য করা হবে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)  
রেজিস্ট্রার

২৪/৯/২০